দৈনিক ইনকিলাব

তারিখ 09 NOV 1988
পৃষ্ঠা 5 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন সেল

## টেক্সটবুক বোর্ডের বক্তব্য

বিগত ৩০ অক্টোবর দৈনিক ইনকিলাব-এ জনাব এস, এস, আর—নেওয়াজের "বোর্ডের বইঃ সঠিক তথ্যটি কি?" শিরোনামে প্রকাশিত পত্রটির প্রতি জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ডের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। জনাব নেওয়াজ ভারত ও ভুটান কর্তৃক বাংলাদেশকে স্বীকৃতিদানের তারিখ সম্পর্কে যা লিখেছেন তা ১৯৮৪ সালে এই বোর্ড কর্তৃক প্রথম প্রকাশিত বাংলাদেশের ইতিহাস বইয়ে উল্লেখ ছিল। কিন্তু ১৯৮৭ সালে বইটির পুনর্মুদ্রিত ও সংশোধিত সংস্করণের ২১৩ পৃষ্ঠার ৩য় অনুচ্ছেদে বলা হয়েছে যে, ৬ ডিসেম্বর ভারত আনুষ্ঠানিকভাবে বাংলাদেশকে স্বীকৃতিদান করে যা সরকারী তথ্যপত্রাদি অনুযায়ী সঠিক। এ প্রসঙ্গে আরো উল্লেখ্য যে, বর্তমানে প্রচলিত বোর্ডের অষ্টম শ্রেণীর "সমাজ বিজ্ঞান ও বাংলাদেশ" পাঠ্যবইয়েও ১৪৮ পৃষ্ঠায় অনুরূপ তথ্য রয়েছে। তবে সপ্তম শ্রেণীর বর্তমান 'সমাজ বিজ্ঞান ও বাংলাদেশ' পাঠ্যবইয়ে বাংলাদেশকে স্বীকৃতিদান সম্পর্কীয় কোন আলোচনা নেই। পত্র লেখক কর্তৃক উল্লেখিত "উচ্চ মাধ্যমিক ইতিহাস বই" বোর্ড কর্তৃক প্রকাশিত নয়। অতএব, 'উচ্চ মাধ্যমিক ইতিহাস বই'— যে উল্লেখিত তথ্য সম্পর্কে আমাদের পক্ষে মতামত দেয়া সম্ভব নয়।

—সুফী মোতাহার হোসেন,
প্রধান সম্পাদক,
জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড,
ঢাকা।

## বাংলাদেশ শিক্ষা বোর্ড সমীপে আবেদন

আমরা ১৯৮৮ইং সালে বাংলাদেশ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষা দিয়েছি। পরীক্ষা শেষ হয়েছে প্রায় চার মাস আগে অথচ এখনো ফলাফল প্রকাশ করা হচ্ছে না। বেশী দিন বাসায় বসে থাকতে আমাদের মোটেও ভাল লাগছে না। যারা পরীক্ষায় অকৃতকার্য হবে তারা আবার নব উদ্যমে লেখাপড়া আরম্ভ করবে। অবশ্য সেটা নির্ভর করবে ফলাফল প্রকাশের উপর। তাড়াতাড়ি ফলাফল প্রকাশ করলে সেশন জট কিছুটা কমে আসবে। তাই উভয় বোর্ড কর্তৃপক্ষের নিকট আমরা আকুল আবেদন জানাচ্ছি অবিলম্বে এইচএসসি এবং আলিম পরীক্ষার ফলাফল প্রকাশ করা হোক।

—মনির, রাজু ও তানিয়া ফেরদৌস,
গ্রাম- ঘোড়াকান্দা,
ডাক- দেলধা,
উপজেলা- ধামরাই, ঢাকা।

## চাঁদপুর কলেজে অনার্স কোর্স

চাঁদপুর সরকারী কলেজে অনার্স কোর্স চালু করার জন্য জেলাবাসী দীর্ঘদিন ধরে দাবী জানিয়ে আসছে। শিক্ষা মন্ত্রণালয় হতে এই কলেজে বাংলা, হিসাব বিজ্ঞান, রাষ্ট্র বিজ্ঞান ও অর্থনীতি এই ৪টি বিষয়ে অনার্স কোর্স খোলার অনুমতিও প্রদান করা হয়েছিল। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে একটি পরিদর্শক দল অনার্স কোর্স চালুর ব্যাপারে কলেজটি পরিদর্শন করে। কিন্তু শিক্ষক স্বল্পতার কারণে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অনুমোদনের অভাবে অনার্স কোর্স এখনও চালু করা সম্ভব হয় নাই। উল্লেখ্য, বর্তমানে কলেজে শিক্ষক সমস্যা বহুলাংশে দূর হয়েছে। চাঁদপুরবাসী এ বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে অনার্স কোর্স চালু করার দাবী জানাচ্ছে।

—ইকরাম চৌধুরী,
নাজিরপাড়া, চাঁদপুর।